

## পাহাড়ে শিক্ষার্থীরা তিন সন্ত্রাসী গোষ্ঠীর মানবতাল!

■ আবুল খায়ের

পার্বত্য অঞ্চলের কোমলমতি ছাত্রছাত্রীরা তিনটি সন্ত্রাসী গ্রুপের মানবতাল হিসেবে ব্যবহৃত হচ্ছে। বিষয়টি নিয়ে অভিভাবকরা দুর্ভাগ্যবশত এ থেকে পরিত্রাণের উপায় জানা নেই তাদের।

এই তিনটি সন্ত্রাসী গ্রুপ তাদের কোন সদস্য গ্রহণের হলে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে গিয়ে কোমলমতি ছাত্রছাত্রীদের ডেকে নিয়ে আসে। তাদেরকে মানববন্ধন ও মিছিলে অংশ নিতে বাধ্য করে। এছাড়া নিজেদের দাবি আদায় করতেও তারা একই কৌশল অবলম্বন করে।

ছাত্রছাত্রীদের মানববন্ধন বা মিছিলে আনতে সংশ্লিষ্ট স্কুল শিক্ষকদেরও অনুমতি নেওয়া হয় না। অনেকটা জোর করেই তাদের আনা হয়। অভিভাবকরা এসব নিয়ে উৎকর্ষায় থাকেন। তবে তারা প্রকাশ্যে এর প্রতিবাদ করতে সাহস পান না। কারণ সন্ত্রাসী গ্রুপের সদস্যরা কোমলমতি ছাত্রছাত্রীদের

পৃষ্ঠা ২ কলাম ৭

### পাহাড়ে শিক্ষার্থীরা তিন

২০ পৃষ্ঠার পর

তখন অপহরণ করে হত্যা করতে পারে বলে শঙ্কা রয়েছে তাদের।

প্রত্যন্ত অঞ্চল হওয়ায় ওইসব এলাকায় পুলিশও যাতায়াত করতে পারে না। তাই কোন অভিযোগ দিয়েও লাভ হয় না। তবে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বিষয়টি অবগত রয়েছে। প্রশাসনের নাকের ডগায় সন্ত্রাসী গোষ্ঠীগুলো তাদের বিভিন্ন অন্যায্য দাবিতে মানববন্ধন ও মিছিল বের করে। স্থানীয়দের সঙ্গে কথা বলে বিষয়টির সত্যতা পাওয়া গেছে।

এই তিনটি সন্ত্রাসী গ্রুপের রয়েছে আলাদা ছাত্র সংগঠন। এই ছাত্র সংগঠনের সকল সদস্যদের লেখাপড়ার খরচ দেওয়া হয়। খরচ বহন করে সন্ত্রাসী গ্রুপগুলো। এমনকি বিদেশেও পড়াশোনার ব্যবস্থা করা হয়। বিদেশে পড়তে যাওয়া এসব ছাত্রছাত্রী সরকারের বিরুদ্ধে নানা অপপ্রচার চালায়। বিদেশে বলে বেড়ায়, তাদের দেশে কোন অধিকার নেই। তারা মানবতাবিরোধী জীবনযাপন করছে।

সন্ত্রাসী গ্রুপের টাকায় পড়ছেন এমন একজন পাহাড়ি ছাত্র জানান, তিনি চট্টগ্রামের একটি কলেজে বর্তমানে পড়াশোনা করছেন। অষ্টম শ্রেণি থেকে লেখাপড়ার খরচ দিচ্ছে একটি সংগঠন। তিনি বলেন, 'আমার পরিবারের আর্থিক দুর্বলতার সুযোগ সন্ত্রাসী গ্রুপটি নিয়েছে। পাহাড়ের মেধাবী ছাত্রদের তারা খুঁজে বের করে। পড়াশোনার পরে তাদেরকে সারাজীবন সন্ত্রাসী সংগঠনের আনুগত্য মেনে চলতে হয়।' স্থানীয় প্রশাসনও এসবের সত্যতা স্বীকার করেছে। তবে এসব সন্ত্রাসী সংগঠনের কার্যক্রম পছন্দ করছেন না পাহাড়ের অধিকাংশ বাসিন্দা।

|                       |          |
|-----------------------|----------|
| ব্যানবেইস             |          |
| পরিচালকের কার্যালয়   |          |
| প্রাপ্তি নং.....      |          |
| তারিখ.....            |          |
| চীফ, পরিসংখ্যান বিভাগ |          |
| চীফ, ডি.এল.পি বিভাগ   |          |
| সিস্টেম এনালিস্ট      |          |
| সিস্টেম ম্যানেজার     |          |
| প্রশাসনিক কর্মকর্তা   |          |
| পি.এ.                 |          |
| কার্যার্থে/জ্ঞাতার্থে |          |
|                       | স্বাক্ষর |